



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.০০১.১৮- ১৭৯

তারিখঃ ০৭/০৩/১৮খ্রিঃ

বিষয়ঃ কিস্তিতে ঋণ আদায় হার (OTR) সন্তোষজনক না হওয়ায় ব্যাখ্যা তলব।

সূত্রঃ ১. ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০১.১৮.৪৮, তারিখঃ ১৭/০১/২০১৮ খ্রিঃ

২. ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০১.১৮.১০৫, তারিখঃ ০৮/০২/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পটি দারিদ্র্য বিমোচনে সরকারের একটি অগ্রাধিকার প্রকল্প। প্রকল্পের আওতায় সুবিধাজোগীদের প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা প্রদান করা হয়। ঋণের অর্থ উৎপাদনমুখী কাজে ব্যবহারের মাধ্যমে কর্মসংস্থান সৃজন ও ঋণ পরিশোধে সক্ষমতা সৃষ্টির উপর প্রকল্পের সাফল্য অনেকাংশে নির্ভরশীল। তাই প্রকল্প কর্তৃপক্ষ ঋণের অর্থের যথাযথ ব্যবহার ও সাপ্তাহিক কিস্তিতে আদায়ে গুরুত্বারোপ করেছেন। সূত্রস্থ পত্রে চলতি কিস্তি আদায়ের (OTR) হার ৫০% এ উন্নতি করার বিষয়ে পুনঃপুন নির্দেশনা দেয়া সত্ত্বেও আপনার উপজেলায় তা অত্যন্ত নিম্ন হারে রয়েছে যা গ্রহণযোগ্য নয়।

| ক্র নং | উপজেলার নাম | OTR-ডিসেম্বর | OTR-জানুয়ারি | OTR-ফেব্রুয়ারী |
|--------|-------------------------|--------------|---------------|-----------------|
| ১. | চৌগাছা, যশোর। | ২৬.৩০% | ২৯.৩২% | ২২.৪৩% |
| ২. | পাইকগাছা,খুলনা। | ২৮.১০% | ১৭.৫৯% | ১৯.১৬% |
| ৩. | কালিগঞ্জ, সাতক্ষীরা। | ৩৮.০১% | ২৫.৩৫% | ২৫.৬৬% |
| ৪. | জীবননগর, চুয়াডাঙ্গা। | ২৪.৯৭% | ২৩.৯৮% | ২৬.৯৬% |
| ৫. | বোরহানউদ্দিন, ভোলা। | ২৫.৪৭% | ৩৬.৫৩% | ২৮.৬১% |
| ৬. | পিরোজপুর সদর, পিরোজপুর। | ২৬.২১% | ২৪.৭৩% | ২৩.৪২% |

বিগত তিন মাসের কিস্তি আদায় হার দৃষ্টে প্রতীয়মান হয় যে, আপনি এবং আপনার অধীনস্থ মাঠ সংগঠকগণ নিয়মিত সাপ্তাহিক ভিত্তিতে সমিতি তে গমন করেন না। এমতাবস্থায় কিস্তি ভিত্তিক ঋণ আদায়ে আপনার ধারাবাহিক ব্যর্থতার জন্য কেন আপনাকে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে হার্ড কপি এবং অগ্রিম কপি প্রকল্পের ই-মেইল ঠিকানায় প্রেরনের জন্য নির্দেশক্রমে বলা হলো।

মোহাম্মদ আতিকুর/রহমান

উপ-প্রকল্প পরিচালক

ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

০২-৮১৮০১৪৩

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)

চৌগাছা/পাইকগাছা/ কালিগঞ্জ/জীবননগর/বোরহানউদ্দিন/পিরোজপুর সদর।

জেলা-----।

অনুলিপি প্রেরন করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

১. উপপরিচালক, জেলাদপ্তর, বিআরডিবি, জেলাঃ-----।

২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৩. প্রোগ্রামার(ইরেসপো), বিআরডিবি, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা-----, জেলা-----।